

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.১১২.২০১৬-৯৪১

তারিখ : ২৬ জুলাই ২০১৭

বিষয়: উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদের শূন্য আসনের তালিকা প্রেরণ।

সূত্র : নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৭(অংশ-২)-৪১৬; তারিখ : ০৬ জুলাই ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৬ ধারা অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক গত ১৫ জুন ২০১৫ দেশে প্রথম বারের মত উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য পদে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। উক্ত নির্বাচিত সংরক্ষিত মহিলা আসনের অনেক সদস্য পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিভিন্ন পদে অংশগ্রহণের লক্ষ্যে পদত্যাগ করেছেন। ফলে যে সকল ইউনিয়ন পরিষদ ও পৌরসভার নির্বাচন সম্পন্ন হয়েছে সেসকল ইউনিয়ন পরিষদ/পৌরসভা হতে যারা উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা আসনের সদস্য ছিলেন উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ১২ ধারা অনুযায়ী তাদের পদ শূন্য হয়েছে। আবার যে সকল উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদত্যাগ করেননি/নির্বাচনে অংশগ্রহণ করেননি/নির্বাচনে অংশগ্রহণ করে পুনরায় নির্বাচিত হতে পারেননি তারা কেউ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৪(২) ধারার বিধান অনুযায়ী পৌরসভা/ইউনিয়ন পরিষদের সদস্য নির্বাচিত না হওয়ায় উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা আসনে অধিষ্ঠিত নেই।

২। এমতাবস্থায়, সর্বশেষ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ নির্বাচন, পদত্যাগজনিত কারণ, পৌরসভা বা ইউনিয়ন পরিষদের সদস্য পদ না থাকা প্রভৃতি কারণে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৪(২) অনুযায়ী উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্যদের কতটি পদ শূন্য হয়েছে এবং কোন্ সময় হতে পদগুলো শূন্য হয়েছে সে সকল তথ্য উপজেলা ভিত্তিক নিম্নোক্ত ছক অনুযায়ী তালিকাভুক্ত করে আগামী ০৩(তিন) দিনের মধ্যে বিশেষ বাহক মারফত ও ই-মেইল (uzllgd@gmail.com) এ প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো:

ক্রঃ নং	জেলার নাম	উপজেলার নাম	উপজেলা ভিত্তিক সংরক্ষিত আসনের সংখ্যা	শূন্য আসনের সংখ্যা ও আসনের নামসহ শূন্য আসনের সংরক্ষিত মহিলা সদস্যের নাম	শূন্য হওয়ার কারণ ও তারিখ	ইউপি বা পৌরসভা নির্বাচন না হওয়ার ক্ষেত্রে উপজেলা ভিত্তিক দায়িত্বরত সংরক্ষিত আসনের মহিলা সদস্যদের নাম, আসন নম্বর
১	২	৩	৪	৫	৬	৭

J. M. Ain
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

উপপরিচালক (সকল)

স্থানীয় সরকার

..... জেলা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার (সকল),.....বিভাগ।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল),.....বিভাগ।
- ৪। জেলা প্রশাসক (সকল),জেলা।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),.....উপজেলা পরিষদ,.....জেলা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....উপজেলা,.....জেলা(সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, স্থানীয় সরকারকে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)।
- ৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান (সকল),.....উপজেলা,.....জেলা।
- ৮। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।